তারিখ 31 JUL 2016
পৃষ্ঠা 2 কলাম ৪

যুগান্তর

# ফাজিল পরীক্ষা শুরু আজ

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) অধীনে ফাজিল ১ম, ২য় ও ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষা ২০১৫ আজ শুরু হবে। পরীক্ষা চলবে ৩০ অক্টোবর পর্যন্ত।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী যুগান্তরকে বলেন, পরীক্ষার সব প্রস্তুতি ইতিমধ্যে শেষ হয়েছে। এ বছর সর্বমোট ১ লাখ ৩৭ হাজার ৬২৮ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেবেন। যাদের মধ্যে ১ম বর্ষে ৫৫ হাজার ৪১৫ জন, ২য় বর্ষে ৪৩ হাজার ৬৫৩ জন এবং ৩য় বর্ষে ৩৮ হাজার ৫৬০ শিক্ষার্থী রয়েছেন। তিনি আরও বলেন, দেশব্যাপী ২৯২টি কেন্দ্রে একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd থেকে জানা যাবে।